তারিখ ... 08 DEC 1988 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক ইত্তেফাক

## ভার্সিটিতে শান্তি-শৃংখলা উন্নয়ন ব্যবস্থা নেওয়া হইয়াছে:-শিক্ষামন্ত্রী

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধের ব্যাপারে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহায়তায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

গতকাল (বৃহস্পতিবার) শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সবার

(২য় পৃঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

( শেষ পৃঃ পর)

জন্য শিক্ষা বিষয়ে ঢাকায় দক্ষিণ ও মধ্য এশীয় আঞ্চলিক সম্মেলনের প্রস্তুতি উপলক্ষে এক প্রেস ব্রিফিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বন্ধের ব্যাপারে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে বলেন, সরকার বা জাতীয় পার্টির বিশ্ববিদ্যালয়ে কোন ছাত্র সংগঠন করার ইচ্ছা নাই। মন্ত্রী বিশ্ববিদ্যালয়ে অস্ত্র আসার ব্যাপারে বলেন, স্বাধীনতা যুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের হত্যা করার জন্য রাজাকারদের যে অস্ত্র দেওয়া হইয়াছিল উহার একটি অংশ, স্বাধীনতা যুদ্ধে মুক্তিযোদ্ধাদের যে অস্ত্র দেওয়া হইয়াছিল উহার একটি অংশ, পাচারকৃত অস্ত্র ও দেশীয় পদ্ধতিতে তৈয়ারী কিছু অস্ত্রও এই বিশ্ববিদ্যালয়ে আসে। সরকার বিভিন্ন সময়ে তল্লাশী চালাইয়া এই অবৈধ অস্ত্র উদ্ধার করেন। তিনি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধ করার জন্য রাজনৈতিক দলগুলিকে দলীয় কার্যক্রম সম্প্রসারণ না করার আহ্বান জানান।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে সে সকল হত্যাকাণ্ড ঘটিয়াছে বর্তমান সরকার বিচার ব্যবস্থার মাধ্যমে সেই সকল দোষী ব্যক্তির শাস্তি দেওয়ার ব্যাপারে বদ্ধপরিকর।